

“বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ী” বিষয়ে বিশেষ সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব শামীম আহমেদ, জেলা প্রশাসক, নাটোর
সভার তারিখ : ২৫ জুলাই, ২০২২ খ্রি.
সময় : বিকাল ৪:০০ ঘটিকা
স্থান : সম্মেলন কক্ষ, জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
(উপস্থিত সদস্যবৃন্দঃ পরিশিষ্ট-ক)



সভাপতি সভায় সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি কোভিড ও বর্তমান বিশ্ব পরিস্থিতির কারণে বিশ্ববাজারে মুদ্রাস্ফীতি, জ্বালানী ও বিদ্যুৎ সংকট সৃষ্টির বিষয়ে তুলে ধরেন। তিনি এ বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে ২০.০৭.২০২২ খ্রি. তারিখে ব্যয় সংকোচন সংক্রান্ত বিশেষ সভার গৃহীত সিদ্ধান্তসমূহের মধ্যে বিদ্যুৎ ব্যবহার হ্রাসের মাধ্যমে বিদ্যুৎ খাতে বরাদ্দের ২৫% এবং জ্বালানী ব্যবহার হ্রাসের মাধ্যমে জ্বালানী খাতে বরাদ্দের ২০% ব্যয় হ্রাস করার উপর গুরুত্ব আরোপ করেন। এ ছাড়া, অন্যান্য ক্ষেত্রে ব্যয় সংকোচনের বিষয়েও আলোকপাত করেন।

বিস্তারিত আলোচনা শেষে বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয় বিষয়ে লক্ষ্য নির্ধারণ করে ব্যয় সংকোচন নীতি প্রয়োগের জন্য নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

১. ফরাস অফিস কক্ষ খোলার সময় এবং পরিষ্কারের পর কক্ষের লাইট ও এসি বন্ধ রাখবেন।
২. কর্মকর্তা/কর্মচারীগণ কক্ষে প্রবেশের পর সর্বনিম্ন যে আলোর প্রয়োজন; সে মোতাবেক অর্থাৎ সাশ্রয়ীভাবে কক্ষের লাইট জ্বালাবেন।
৩. শীতাতপ নিয়ন্ত্রিত যন্ত্র (এসি) সর্বনিম্ন ২৪ ডিগ্রী সেলসিয়াস বা তদুর্ধ্ব তাপমাত্রায় ব্যবহার নিশ্চিত করতে হবে।
৪. কক্ষ ত্যাগের সময় কর্মকর্তা/কর্মচারীগণ নিজ নিজ কক্ষের লাইট, ফ্যান, এসি বন্ধ করবেন। পুনরায় কক্ষের প্রবেশের সময় নিজ নিজ দায়িত্বে প্রয়োজন অনুযায়ী কক্ষের লাইট, ফ্যান ও এসি চালু করবেন।
৫. সকল বিদ্যুৎ চালিত যন্ত্রপাতি যেমন-কম্পিউটার, টিভি, ফ্যান, এসি, ওভেন, হিটার, ইলেকট্রিক ক্যাটলি, গিজার ইত্যাদি প্রয়োজন অনুযায়ী ব্যবহার করবেন; যাতে কোনভাবেই বিদ্যুতের অপচয় না হয়।
৬. অফিস বন্ধের সময় সকল কর্মকর্তা/কর্মচারী নিজ নিজ দায়িত্বে বিদ্যুৎ চালিত যন্ত্রপাতি যেমন-কম্পিউটার, টিভি, লাইট, ফ্যান ইত্যাদি বন্ধ রাখবেন।
৭. টয়লেট জোনে দিনের বেলায় একটি লাইট ব্যতিত অন্য লাইট বন্ধ থাকবে।
৮. বারান্দা বা সিকিউরিটি লাইট দিনের বেলায় জ্বালানো যাবে না। ভোরের আলো স্পষ্ট হওয়ার পর লাইট বন্ধ করে দিতে হবে এবং মাগরিবের পর প্রয়োজন অনুযায়ী লাইট জ্বালাতে হবে।
৯. বিদ্যুৎ সাশ্রয়ী এলইডি লাইট ব্যবহার করতে হবে এবং দিনের আলোকে কাজে লাগাতে হবে।
১০. বিশেষ অবস্থার প্রেক্ষিতে সরকারি অফিস কক্ষে নতুন করে এসি স্থাপন এবং অফিস কক্ষের ইন্টেরিয়র ডেকোরেশন বন্ধ রাখতে হবে।

১১. অফিসের ন্যায় নিজ নিজ বাসস্থানেও অনুরূপ পদক্ষেপ গ্রহণ করতে হবে।
১২. অনিবার্য না হলে, শারীরিক উপস্থিতিতে সভা পরিহার করতে হবে এবং অধিকাংশ সভা অনলাইন প্ল্যাটফর্মে আয়োজন করতে হবে।
১৩. বিদ্যুৎ ব্যবহার হ্রাসের মাধ্যমে বিদ্যুৎ খাতে বরাদ্দের ২৫% এবং জ্বালানী ব্যবহার হ্রাসের মাধ্যমে জ্বালানী খাতে বরাদ্দের ২০% ব্যয় হ্রাস করতে হবে।
১৪. বিশেষ প্রয়োজন ছাড়া নির্ধারিত সময়ে অফিস ত্যাগ করতে হবে (বিকাল ৫:০০ ঘটিকা)।
১৫. সার্ভাররুম, অপরিহার্য নিরাপত্তার ক্ষেত্রে উল্লিখিত নির্দেশনার আওতামুক্ত থাকবে।

সভাপতি বিদ্যুৎ ও জ্বালানীর ব্যয় সংকোচনের লক্ষ্যে গৃহীত কার্যক্রমকে সর্বোচ্চ আন্তরিকতা ও গুরুত্ব দিয়ে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করেন। পরিশেষে তিনি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


৬/০৭/২০২১
(শামীম আহমেদ)
জেলা প্রশাসক
নাটোর


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর।
(সাধারণ শাখা)
www.natore.gov.bd

স্মারক নম্বর: ০৫.৪৩.৬৯০০.০০৬.২৩.০০৬.১৬. ৫৪৪


তারিখ: ২৬ শ্রাবণ, ১৪২৯
৩৯ জুলাই, ২০২২

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে

- ১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

১.


(খালিদ হাসান)

সহকারী কমিশনার
জেলা প্রশাসকের কার্যালয়, নাটোর
ফোন: +৮৮০২৫৮৮৮৭২২৮৭
E-mail: acgennatore@mopa.gov.bd